

PRINT

সমকাল

আইইবির স্বীকৃতি পেল ডিআইইউর টেক্সটাইল বিভাগ

১০ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন অব বাংলাদেশের (আইইবি) স্বীকৃতি পেয়েছে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগ। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস আশুলিয়ায় গত শুক্রবার সনদপ্রাপ্তি উদযাপন করা হয়।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের টেক্সটাইল বিভাগের প্রধান ড. মাহবুবুল হকের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন আইইবির ভাইস প্রেসিডেন্ট প্রকৌশলী এসএম মঞ্জুরুল ইসলাম মঞ্জু এবং বিশেষ অতিথি ছিলেন আইইবির টেক্সটাইল প্রকৌশল বিভাগের চেয়ারম্যান প্রকৌশলী এসএম সিরাজুল ইসলাম। সম্মানিত অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য ড. এসএম মাহবুবুল হক মজুমদার, বাংলাদেশ ডাইং অ্যান্ড ফিনিশিংয়ের পরিচালক প্রকৌশলী এখলাসুর রহমান প্রমুখ।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com

